আপনার সেভ ফর কলেজ প্রোগ্রাম-এর যাত্রা

আমরা একসাথে কলেজ এবং ক্যারিয়ার প্রশিক্ষণের জন্য সঞ্চয় করছি! সেভ ফর কলেজ প্রোগ্রাম (Save for College Program)-এর সঙ্গে শুরু করতে এই পদক্ষেপগুলি নিন:

2023-2024 স্কুল বছরে*, **NYC পাবলিক স্কুলগুলিতে অংশগ্রহণকারী চার্টার স্কুলগুলি সহ) ভর্তি হওয়া কিন্ডারগার্টেন, প্রথম শ্রেণী ও দ্বিতীয় শ্রেণীর প্রতিটি শিক্ষার্থী অংশগ্রহণ করার যোগ্য,** তাদের পরিবারের আয় বা অভিবাসনের স্থিতি যাই হোক না কেন।

আপনার সন্তান স্বয়ংক্রিয়ভাবে প্রাথমিক $100 সহ একটি বিনামূল্যের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট (NYC Scholarship Account) পাবে যদি না আপনি অংশগ্রহণ না করা এবং অপ্ট আউট করা বেছে নেন। যতক্ষণ না আপনি অপ্ট-আউট প্রক্রিয়া চলাকালীন **কোনও পদক্ষেপ না** নেবেন, আপনার সন্তান স্বয়ংক্রিয়ভাবে সেভ ফর কলেজ প্রোগ্রাম-এ নথিভুক্ত হবে।

1 আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট অনলাইনে সক্রিয় করুন এবং দেখুন

একবার আপনার সন্তান সেভ ফর কলেজ প্রোগ্রাম-এ নথিভুক্ত হয়ে গেলে, **nyckidsrise.org/activate** এ যান এবং "অ্যাকাউন্ট সক্রিয়"-তে ক্লিক করে অনলাইন প্ল্যাটফর্ম সেভিংস ট্র্যাকারে (Savings Tracker, একটি অনলাইন পোর্টাল যেখানে মা-বাবা/অভিভাবকরা তাদের সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট দেখতে পারেন) যান, এবং আপনার প্রোফাইল তৈরি করুন। একবার আপনি করে ফেললে, NYC Kids RISE আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট-এর জন্য $25 পুরস্কার দেবে!

2 আপনার নিজের কলেজ এবং কর্মজীবন সঞ্চয় অ্যাকাউন্ট খুলুন

আপনি যখন আপনার মালিকানাধীন একটি কলেজ এবং ক্যারিয়ার সঞ্চয় অ্যাকাউন্ট খোলেন এবং এটি আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট-এর সাথে সংযুক্ত করেন, তখন NYC Kids RISE আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট-এর জন্য আরও $25 পুরস্কার দেবে। আরও জানুন: **nyckidsrise.org/options**

3 আপনার প্রথম জমা করুন

আপনার সংযুক্ত কলেজ এবং ক্যারিয়ার সেভিংস অ্যাকাউন্টে কমপক্ষে $5 জমা করুন এবং NYC Kids RISE আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট-এ আরও $25 পুরস্কার দেবে।

4 সঞ্চয় করতে থাকুন এবং সেভিংস ম্যাচ গ্রহণ করুন

আপনি, আপনার পরিবার, আপনার সম্প্রদায় এবং NYC Kids RISE সময়ের সাথে সাথে একসাথে সঞ্চয় করতে পারেন। আপনার সন্তানের প্রথম শ্রেণির প্রথম দিন থেকে শুরু করে পঞ্চম শ্রেণির শেষ দিন পর্যন্ত NYC Kids RISE আপনার সংযুক্ত কলেজ এবং ক্যারিয়ার সেভিংস অ্যাকাউন্টে এক এক ডলার করে সর্বোচ্চ $100 পর্যন্ত আপনার জমা করা অর্থের সাথে মেলাবে। আপনার এবং আপনার পরিবারের জন্য অর্থপূর্ণ উপায়ে সঞ্চয় করতে থাকুন। আপনার সম্প্রদায়ের সদস্যরাও কমিউনিটি স্কলারশিপ-এর মাধ্যমে আপনার সন্তানের শিক্ষায় অবদান করতে পারেন।

আপনার সন্তান তার ভবিষ্যতের শিক্ষার জন্য এই তহবিল ব্যবহার করে!

আপনার সন্তান মার্কিন যুক্তরাষ্ট্রে ও বিদেশের কিছু স্কুলে যোগ্যতাসম্পন্ন দুই ও চার বছরের কলেজ, জীবিকা ও বৃত্তিমূলক স্কুল এবং যোগ্যতাসম্পন্ন শিক্ষানবিশ প্রোগ্রামে উচ্চ শিক্ষার জন্য NYC স্কলারশিপ অ্যাকাউন্টের অর্থ ব্যবহার করতে পারে।

NYC KiDS RiSE™ | Save for College Program

833-543-7473 | info@nyckidsrise.org

*ভৌগোলিক ডিস্ট্রিক্ট 30-এর 39 টি পাইলট স্কুলের কিন্ডারগার্টেন থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত প্রত্যেক শিক্ষার্থী অংশগ্রহণের জন্য যোগ্য।

আপনার সেভ ফর কলেজ প্রোগ্রাম প্ল্যানার

আপনার সন্তান তার NYC স্কলারশিপ অ্যাকাউন্ট পাওয়ার পরে, আপনি প্রোগ্রামের মৌলিক পদক্ষেপগুলি গ্রহণ করার সময় এই ওয়ার্কশীটটি ব্যবহার করুন। আপনি বাড়িতে, ফোনে, স্কুল ইভেন্টে বা NYC Kids RISE-এর প্রতিনিধির সাথে কথা বলার জন্য অ্যাপয়েন্টমেন্ট করে এই পদক্ষেপগুলি সম্পূর্ণ করতে পারেন। আপনার সন্তানের পক্ষ থেকে NYC Kids RISE আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট তৈরি ও পরিচালনা করে।

1. আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট অনলাইনে সক্রিয় করুন এবং দেখুন

আপনার প্রয়োজন:

- ☐ আপনার শিশুর নয় অংকের শিক্ষার্থী সনাক্তকরণ নম্বর*
- ☐ আপনার শিশুর জন্মের তারিখ
- ☐ আপনার শিশুর বাড়ির জিপ কোড
- ☐ আপনার ইমেল ঠিকানা

*এই নম্বরটি খুঁজে পেতে, আপনার সন্তানের রিপোর্ট কার্ড দেখুন, আপনার স্কুলকে জিজ্ঞাসা করুন, অথবা **schoolsaccount.nyc** এ আপনার NYC স্কুলস অ্যাকাউন্টে (NYC Schools Account) লগ ইন করুন

2. আপনার সন্তানের সুবিধার জন্য একটি কলেজ ও কেরিয়ার সেভিংস অ্যাকাউন্ট খুলুন

যে প্রাপ্তবয়স্ক আপনার সন্তানের পক্ষ থেকে অ্যাকাউন্টটি খুলছেন, তার নিম্নলিখিতগুলি প্রয়োজন হবে:

- ☐ তার নিজের সামাজিক সুরক্ষা নম্বর (Social Security Number, SSN) বা ব্যক্তিগত করদাতা সনাক্তকরণ নম্বর (Individual Taxpayer Identification Number, ITIN)
- ☐ আপনার সন্তানের SSN বা ITIN

3. আপনার প্রথম $5 জমা করুন

আপনার নিম্নলিখিতগুলির মধ্যে একটির প্রয়োজন হবে:

- ☐ ব্যাঙ্ক রাউটিং এবং অ্যাকাউন্ট নম্বরের তথ্য, অথবা
- ☐ ব্যক্তিগত চেক, অথবা
- ☐ মানি অর্ডার, অথবা
- ☐ সেভিংস অ্যাকাউন্টের ধরনের উপর নির্ভর করে, নগদ জমা করাও একটি বিকল্প হতে পারে

4. সঞ্চয় করতে থাকুন এবং সেভিংস ম্যাচ গ্রহণ করুন

আপনাকে সঞ্চয় করতে সাহায্য করার জন্য পরামর্শ:

- ☐ $100 সেভিংস ম্যাচ সম্পূর্ণ করুন: **nyckidsrise.org/savings-match**
- ☐ সঞ্চয়ের পরামর্শ পান এবং একটি সঞ্চয়ের লক্ষ্য স্থির করুন: **nyckidsrise.org/saving-resources**
- ☐ বন্ধুদের এবং পরিবারকে আপনার সন্তানের কলেজ ও কেরিয়ার সেভিংস অ্যাকাউন্টে অর্থ জমা করতে উৎসাহিত করুন: **nyckidsrise.org/bb3-resources**
- ☐ আপনার ট্যাক্স রিফান্ডের একটি অংশকে আপনার সন্তানের কলেজ এবং কেরিয়ার সেভিংসের জন্য ব্যবহার করুন
- ☐ **nyc.gov/talkmoney**, অথবা 311 এ কল করুন এবং "Financial Counseling" (আর্থিক পরামর্শ) বলার মাধ্যমে একটি NYC আর্থিক ক্ষমতায়ন কেন্দ্রে (NYC Financial Empowerment Center) একজন আর্থিক পরামর্শদাতার সাথে একটি বিনামূল্যে অ্যাপয়েন্টমেন্টের সময় নির্ধারণ করুন

NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম পরিবার, স্কুল এবং কমিউনিটিগুলিকে তাদের সন্তানের ভবিষ্যতের জন্য সঞ্চয় করতে একসঙ্গে কাজ করার একটি উপায় প্রদান করে। এটি একটি স্কলারশিপ ও সেভিংস প্রোগ্রাম যা NYC পাবলিক স্কুলের সমস্ত শিক্ষার্থীর কাছে কলেজ ও কর্মজীবনের প্রশিক্ষণকে আরও সহজলভ্য করে তোলার জন্য তৈরি করা হয়েছে, তাদের পরিবারের আয় বা অভিবাসনের অবস্থা যাই হোক না কেন। সেভ ফর কলেজ প্রোগ্রাম হল এমন একটি সরঞ্জাম যেটিকে পরিবারগুলি তাদের স্কুল এবং প্রতিবেশীদের সাথে এমনভাবে ব্যবহার ও কাস্টমাইজ করতে পারে যা তাদের জীবনের সাথে সবচেয়ে বেশি মানানসই এবং তাদের সন্তানদের জন্য তাদের স্বপ্নকে সমর্থন করে।

NYC Kids RISE হল একটি লাভের উদ্দেশ্যহীন সংস্থা, যা সেভ ফর কলেজ প্রোগ্রাম পরিচালনা করার জন্য নিউ ইয়র্ক সিটি এবং NYC শিক্ষা বিভাগের (NYC Department of Education) সাথে কাজ করছে। NYC Kids RISE বিনিয়োগ সংক্রান্ত উপদেশ দেয় না বা কোনও নির্দিষ্ট প্রকারের কলেজ সেভিংস অ্যাকাউন্টের সুপারিশ করে না।

833-543-7473 | info@nyckidsrise.org

NYC KiDS RiSE™

Bengali | বাংলা
June 2023